



অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc.ac.bd

বিজ্ঞপ্তি নং:

তারিখ:

২৯ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
১২ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

* ভর্তির বিষয়সমূহ: বাংলা, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান।

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট <http://appl.mt.nu.edu.bd/> থেকে ডাউনলোড ও প্রিন্টকৃত আবেদন ফরমে Applicant's Signature & Date এর জায়গায় শিক্ষার্থী স্বাক্ষর করে তারিখ দিবে।
- ২। কলেজের ওয়েবসাইটে (www.ngdc.ac.bd/online-admission) Master's Admission লিংকে প্রবেশ করে Master's Admission Roll টাইপ করে Next বাটনে ক্লিক করলে একটি ফরম আসবে।
- ৩। ফরমে শিক্ষার্থী নিজের মত ৪ সংখ্যার পাসওয়ার্ড দিয়ে সকল তথ্য সঠিকভাবে পূরণ করে Submit করলে একটি Reference ID পাওয়া যাবে।
- ৪। Reference ID ও Password দিয়ে পুনরায় লগইন করে Rocket এ পেমেণ্টকৃত টাকার Transaction ID প্রদান করতে হবে।
- ৫। সকল তথ্য সঠিকভাবে পূরণ করে কলেজ এ্যাডমিশন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

* ভর্তি ফি কলেজে জমার তারিখ: কলেজের ওয়েবসাইটে (www.ngdc.ac.bd/online-admission) Master's Admission লিংকে প্রবেশ ভর্তি ফি বাবদ সর্বমোট ৫,৭৯৯/- (পাঁচ হাজার সাতশত নিরানব্বই) ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং সার্ভিস রকেট (DBBL Rocket) এর মাধ্যমে ১২/০৪/২০২৬ খ্রি. থেকে ২১/০৪/২০২৬ খ্রি. তারিখ দুপুর ০২:০০ টার মধ্যে প্রদান করতে হবে।

ভর্তি ফি এর বিবরণী:

০১	বেতন ও সেশন চার্জ	২,৯৫৯/-
০২	বিভাগীয় পাওনা	১,২২০
০৩	জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাওনা	১,৬২০/-
সর্বমোট		৫,৭৯৯/-
কথায়: পাঁচ হাজার সাতশত নিরানব্বই টাকা মাত্র।		

রকেট পেমেণ্টের নিয়মাবলি

- ১। রকেট অ্যাপস এ লগইন করতে হবে।
- ২। এর পর বিল পে অপশনে প্রবেশ করতে হবে।
- ৩। সার্চ অপশনে বিলার আইডি/ কলেজের নাম টাইপ করতে হবে।
(New Govt. Degree College এর বিলার আইডি 244)
- ৪। বিল নম্বর/রেফারেন্স নম্বর এর স্থলে শিক্ষার্থীর Admission Roll টাইপ করতে হবে।
- ৫। অন্যের একাউন্ট থেকে পেমেণ্টের ক্ষেত্রে Other's option এ Beneficiary Mobile Number এ শিক্ষার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৬। টাকার পরিমাণ টাইপ করতে হবে।
- ৭। পিন নম্বর দিয়ে সাবমিট করতে হবে।
- ৮। ট্রানজেকশন আইডি সহ এসএমএস সংরক্ষণ করতে হবে।

বিঃদ্র: শিক্ষার্থীকে নিজে কলেজে এসে A4 সাইজের বাঁশপাতা খামের উপর সকল তথ্য যথাযথভাবে পূরণ করে এবং নিম্নলিখিত কাগজপত্রসমূহ ভর্তি কমিটির নিকট (বাংলা বিভাগ) ১২/০৪/২০২৬ খ্রি. থেকে ২১/০৪/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) সকাল ১০ টা হতে দুপুর ১টার মধ্যে জমা দিতে হবে।

অনলাইন প্রিন্টকৃত চূড়ান্ত আবেদন ফরমের সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করে কলেজে জমা দিতে হবে:

- ক. কলেজ এ্যাডমিশন ফরম ০১ কপি।
- খ. এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, স্নাতক (সম্মান) পাশের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
(প্রদর্শনের জন্য সকল মূলকপি সাথে রাখতে হবে।)
- গ. স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- ঘ. সদ্যতোলা পাসপোর্ট ছবি ০২ কপি।
- ঙ. ভর্তি ফি জমাদানের পে-স্লিপ ০২ কপি।
- চ. মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তির সুযোগপ্রাপ্তদের কোটা সনদের মূলকপি প্রদর্শন করতে হবে ও ফটোকপি জমা দিতে হবে।

ভর্তি সম্পর্কিত তথ্যের জন্য কলেজ চলাকালীন নিচের নম্বরে যোগাযোগ করা যাবে।

মাস্টার্স(নিয়মিত) ভর্তি কমিটি-২০২৪			
১।	ড. মোহাঃ রবিউল ইসলাম, সহযোগী অধ্যাপক, ইতিহাস বিভাগ	আহ্বায়ক	০১৭১৬৬৪৪২৪৪
২।	রাবেয়া বসরী, প্রভাষক, বাংলা বিভাগ	সদস্য	০১৭২২৮৯০০৯২
৩।	সীমা রানী, প্রভাষক, অর্থনীতি বিভাগ	সদস্য	০১৭৫৫১৬৩৬০৩

প্রফেসর মোঃ আব্দুল আউয়াল (৭৬৯১)
অধ্যক্ষ

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

ফোন: ০২৫৮৮৮৫০৬৩০

ই-মেইল: ngdcrajbd@yahoo.com

12.04.2026
(ড. মোহাঃ রবিউল ইসলাম)
আহ্বায়ক

মাস্টার্স(নিয়মিত)ভর্তি কমিটি ২০২৪

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী



জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক (নিয়মিত) নং ১৬(৭৫১) জাতীয়:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২৩-২০২৪/৫৭৪৩

স্মারক নং- ১৬(৭৫১)জাতীয়:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২৩-২০২৪/৫৭৪৩

তারিখ: ০২/০৪/২০২৬

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকা প্রকাশ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের মেধা তালিকা ০৭ এপ্রিল ২০২৬ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/গ্রাইডেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৫ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২৬ এপ্রিল ২০২৬ তারিখ থেকে শুরু হবে।

এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১)	মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে Masters (Regular) Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।	০৭/০৪/২০২৬ থেকে ২০/০৪/২০২৬
২)	মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ১,৬২০ (এক হাজার ছয়শত বিশ) টাকা হারে] সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সারসরি) জমা দেয়ার তারিখ:	০৮/০৪/২০২৬ থেকে ২১/০৪/২০২৬
৩)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি অনলাইনে নিশ্চয়নের তারিখ: কলেজ কর্তৃপক্ষকে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি যাচাই করে অনলাইনে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি অথবা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর জানাতে হবে।	০৮/০৪/২০২৬ থেকে ২২/০৪/২০২৬
৪)	কলেজ কর্তৃপক্ষকে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি ১,৬২০ (এক হাজার ছয়শত বিশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Masters Reg.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip-এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে "রেজিস্ট্রেশন ফি" খাতের সংযুক্তি হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৩/০৪/২০২৬ থেকে ২৯/০৪/২০২৬

(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

ফোন : ০২-৯৯৬৬৯১৫৭৪

ই-মেইল- adm.masf@nu.ac.bd

তারিখ: ০২/০৪/২০২৬

স্মারক নং- ১৬(৭৫১)জাতীয়:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২৩-২০২৪/৫৭৪৩

বিতরণ:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৯। অফিস কপি

স্বা/-

(মোহাম্মদ সিরাজুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।